

EDUTOUCH COACHING INSTITUTE

(A Unit of Edutouch Welfare Foundation, Registered Under Govt. of India)

সরকারি চাকরির প্রস্তুতির এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Weekly Current Affairs – 04th – 10th Nov' 2025

জাতীয় ঘটনাবলি

1. উজবেকিস্তানে চলমান ইউনেস্কো সাধারণ সম্মেলনের 43তম অধিবেশনে লখনউকে আনুষ্ঠানিকভাবে 'Creative City of Gastronomy' হিসেবে স্বীকৃতি দিল UNESCO. এই স্বীকৃতি লখনউ শহরের শতাব্দী প্রাচীন আওয়াধি খাবারের জীবন্ত খাদ্য ঐতিহ্য এবং অন্তর্ভুক্তিমূলক সাংস্কৃতিক ঐতিহ্যকে তুলে ধরে
2. ভারতের প্রথম রাজ্য হিসাবে Paid Menstrual Leave চালু করল কর্ণাটক।
3. ভারতের প্রথম Silicon Carbide (SiC) Semiconductor Manufacturing Plant স্থাপিত হবে ওড়িশার ভুবনেশ্বরে। স্থাপন করবে SiCSem Private Limited. সেমিকন্ডাক্টর অ্যাসেম্বলি, টেস্টিং, মার্কিং এবং প্যাকেজিং (ATMP) সুবিধা থাকবে এই কারখানায়।
4. সাম্প্রতিক এক সাক্ষাৎকারে মহাকাশ গবেষণা সংস্থা ইসরো চেয়ারম্যান ডি নারায়নন জানান, 2030 সালে মঙ্গলযান 2 অভিযান করবে ভারত। অভিযানে মঙ্গলপৃষ্ঠে সফট ল্যান্ডিং অর্থাৎ ভাসিয়ে রেখে অক্ষত অবস্থায় যান নামানোর চেষ্টা করবে ভারত।
5. Satellite-Based Internet Services প্রদানের জন্য Starlink-এর সাথে চুক্তি স্বাক্ষরকারী ভারতের প্রথম রাজ্য হলো মহারাষ্ট্র।
6. National Conference on the National e-Vidhan Application (NeVA) অনুষ্ঠিত হল নিউ দিল্লীতে। বৈঠকের থিম রাখা হয়েছে- One Nation, One Application. এই সম্মেলনের উদ্বোধন করেন শ্রী কিরেন রিজিজু।
7. প্রথমবার India-Sri Lanka Joint Working Group (JWG) Agriculture Meeting অনুষ্ঠিত হল নিউ দিল্লীর কৃষি ভবনে।
8. ভারতে Medium Altitude Long Endurance (MALE) ড্রোন (unmanned aerial vehicles (UAVs)) তৈরি করতে General Atomics Aeronautical Systems, Inc. (GA-ASI)-এর সাথে পার্টনারশিপ করল L&T.
9. Future Digital ID-র জন্য 'Aadhaar Vision 2032' উন্মোচন করল UIDAI.
10. প্রথমবার Fully Digital Marine Fisheries Census (2025) চালু করল ভারত। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ এবং লাক্ষাদ্বীপ সহ 13 টি উপকূলীয় রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে প্রথমবার অ্যাপ দ্বারা এই প্রক্রিয়া সম্পন্ন হল। VYAS-NAV (মৎস্যজীবী গ্রাম এবং বন্দরগুলি), VYAS-Bharat (গৃহস্থালি এবং পরিকাঠামো জরিপ পরিচালনা করার জন্য)
11. VYAS-Sutra (রিয়েল-টাইম তত্ত্বাবধান এবং পর্যবেক্ষণ করার জন্য)। ICAR-CMFRI (ভারতীয় কৃষি গবেষণা পরিষদ – কেন্দ্রীয় সামুদ্রিক মৎস্য গবেষণা ইনস্টিটিউট) ও ফিশারি সার্ভে অফ ইন্ডিয়া (FSI) যৌথভাবে এটি পরিচালনা করেছে।
12. বিশাখাপত্তনমে IFR 2026, Exercise MILAN 2026 এবং IONS Conclave of Chiefs আয়োজন করবে ভারত।
13. তৃতীয় শ্রেণী থেকে AI পাঠ্যক্রম চালু করতে চলেছে ভারত।
14. Swasth Nari এবং Sashakt Parivar Abhiyaan এর অধীনে 3 টি গিনেস ওয়ার্ল্ড রেকর্ড গড়ল ভারত।
15. 'Vayu Samanvay-II' নামে ড্রোন মহড়া সফলভাবে পরিচালনা করল ভারতীয় সেনাবাহিনী।
16. বিশ্বের বৃহত্তম জনস্বাস্থ্যসেবা প্রকল্পে পরিণত হয়েছে Ayushman Bharat.
17. 'VEER' নামে ভারতের প্রথম দেশীয় Electric Military Vehicle লঞ্চ করল Pravaig.
18. মুম্বাইয়ের NESCO Exhibition Centre-এ India Maritime Week (IMW) 2025 অনুষ্ঠিত হল।
19. পাঁচ বছর স্থগিতাদেশ দেওয়ার পর চীনা দ্রব্য আমদানি পুনরায় অনুমোদন করতে চলেছে ভারত।
20. জাতীয় নিরাপত্তা ও উন্নয়নের জন্য যুবসমাজকে ক্ষমতায়িত করতে 'Veer Yuva' Forum আয়োজন করছে ইন্ডিয়ান আর্মি।
21. দুবাইয়ে First International Sahodaya Conference-এর আয়োজন করবে Central Board of Secondary Education.
22. নিউ দিল্লীতে Emerging Science, Technology, and Innovation Conclave (ESTIC) 2025 উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

23. ছত্তিশগড়ে Shaheed Veer Narayan Singh Memorial-cum-Tribal Freedom Fighters Museum উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।
24. IIT Guwahati-তে North Eastern Science & Technology (NEST) Cluster উদ্বোধন করলেন উত্তর-পূর্ব অঞ্চলের যোগাযোগ ও উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া।
25. সিকিমের কাঞ্চনজঙ্ঘা জাতীয় উদ্যানটিকে 'Good' রেটিং প্রদান করলো International Union for Conservation of Nature (IUCN).
26. International Conference on Green Hydrogen (ICGH 2025) অনুষ্ঠিত হবে নিউ দিল্লীতে।
27. হরিয়ানায় আয়োজিত 18th Urban Mobility India (UMI) Conference & Exhibition 2025-এর থিম রাখা হয়েছে- "Urban Development and Mobility Nexus".
28. সম্প্রতি, ভারতের কম্পিউটার অ্যান্ড অডিটর জেনারেল (CAG) ভারতীয় অডিট এবং অ্যাকাউন্টস বিভাগে (IA&AD) দুটি নতুন বিশেষ ক্যাডার তৈরির অনুমোদন দিল।

আন্তর্জাতিক ঘটনাবলি

1. তানজানিয়ার প্রেসিডেন্ট হিসেবে পুনরায় নির্বাচিত হয়েছেন Samia Suluhu Hassan.
2. সম্প্রতি কুয়েতে আবিস্কৃত হল প্রায় 4,000 বছরের পুরানো Dilmun Civilization Temple.
3. বিশ্বের প্রথম দেশ হিসেবে প্রজন্মভিত্তিক ধূমপান নিষেধাজ্ঞা কার্যকর করল মালদ্বীপ।
4. তাজিকিস্তানের Ayni Airbase থেকে পুরোপুরি সামরিক উপস্থিতি প্রত্যাহার করে নিল ভারত। আইনি বিমানঘাঁটি ছিল ভারতের একমাত্র পূর্ণাঙ্গ বিদেশে ঘাঁটি এবং এর অবস্থান ভারতকে মধ্য এশিয়ায় সামরিক অবস্থান তৈরি করতে এবং পাকিস্তানের উপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে সাহায্য করেছিল।
5. New York City-এর মেয়র হিসাবে নির্বাচিত হয়েছেন ভারতীয় বংশোদ্ভূত Zohran Mamdani. তিনি ডেমোক্রেটিক পার্টি এবং ডেমোক্রেটিক সোশ্যালিস্টস্ অফ আমেরিকা দলের সদস্য।
6. ভার্জিনিয়ার লেফটেন্যান্ট গভর্নর হিসেবে নির্বাচিত হলেন ভারতীয় বংশোদ্ভূত Ghazala Hashmi.

নিয়োগ

1. Defence Services-এর আর্থিক উপদেষ্টা হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন রাজকুমার অরোরা।
2. 40তম Chief of Materiel হিসাবে দায়িত্ব গ্রহণ করলেন ভাইস অ্যাডমিরাল বি শিবকুমার।
3. Bureau of Indian Standards (BIS)-এর ডিরেক্টর জেনারেল হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন IAS অফিসার সঞ্জয় গর্গ।
4. Controller General of Defence Accounts হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন IDAS অফিসার বিশ্বজিৎ সহায়।
5. হায়দ্রাবাদের Defence Research and Development Laboratory (DRDL)-এর নতুন ডিরেক্টর হিসেবে নিযুক্ত হলেন বিশিষ্ট বিজ্ঞানী অক্ষথি রাজু।
6. Paradeep Phosphates-এর ব্র্যান্ড অ্যাগাসেসডর হিসেবে নিযুক্ত হলেন প্রাক্তন ভারতীয় ক্রিকেটার রাহুল দ্রাবিড়।

পুরস্কার

1. Global কানাডিয়ান-হাঙ্গেরিয়ান-ব্রিটিশ লেখক ডেভিড সাজালে তার উপন্যাস "ফ্লেশ"-এর জন্য 2025 সালের বুকার পুরস্কার পেলেন।
2. 2025 বাল সাহিত্য একাডেমী পুরস্কার হিন্দি সাহিত্যে সুশীল শুক্লা তাঁর লেখা 'এক বাতে বারাহ'-এর জন্য এবং ইংরেজি সাহিত্যে নীতিন কুশালাপ্পাকে প্রদান করা হবে, Dakshin South Indian Myths and Fable Retold বইটির জন্য। সাহিত্য একাডেমী প্রদত্ত বাল সাহিত্য একাডেমী পুরস্কার 14 নভেম্বর নয়াদিল্লিতে প্রদান করা হবে। পুরস্কার প্রদান করবেন সাহিত্য একাডেমির সভাপতি মাধব কৌশিক। পুরস্কারপ্রাপ্তরা 50,000 টাকার চেক এবং একটি ব্রোঞ্জ ফলক পাবেন।
3. ICA World Cooperative Monitor 2025 অনুসারে বিশ্বব্যাপী সমবায় তালিকার শীর্ষে রয়েছে Gujarat Cooperative Milk Marketing Federation (GCMMF), এই সংস্থা Amul নামে অধিক পরিচিত। দ্বিতীয় স্থানে রয়েছে Indian Farmers Fertiliser Cooperative Limited (IFFCO).
4. IIT Kanpur-এর Highest Alumni Honour পেলেন বর্তমান মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার।
5. National Fitness & Wellness Conclave 2025-এ 'Fit India Icons' হিসেবে সম্মানিত হলেন হরভজন সিং, সাইনা নেহওয়াল এবং রোহিত শেট্টি।
6. অন্ধ্রপ্রদেশের রাজ্যপাল এস আব্দুল নাজিরকে ডক্টরেট ডিগ্রি প্রদান করল কর্ণাটক স্টেট ল ইউনিভার্সিটি।

7. Boston Global Forum কর্তৃক 2025 World Leader for Peace and Security Award-এ সম্মানিত হলেন আধ্যাত্মিক গুরু শ্রী শ্রী রবিশঙ্কর।
8. 3rd Manohar Parrikar Yuva Scientist Award 2025-এ ভূষিত হলেন IISc, Bengaluru-এর ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ডঃ সাই গৌতম গোপালকৃষ্ণন।

দিন/থিম

1. বিশ্ব সুনামি সচেতনতা দিবস পালন করা হয় 5 নভেম্বর; 2025 থিম হল - "Be Tsunami Ready: Invest in Tsunami Preparedness".
2. জাতীয় ক্যাম্পার সচেতনতা দিবস পালন করা হয় 7 নভেম্বর।
3. World Radiography Day পালন করা হয় 8 নভেম্বর; 2025 থিম হল- "Radiographers: Seeing the Unseen".
4. National Legal Services Day পালন করা হয় 09 নভেম্বর। (1987 সালে এই দিনটিতে লিগ্যাল সার্ভিস অথরিটি অ্যাক্ট চালু হয়, যা কার্যকর হয় 1955 সালে। সকল নাগরিক বিশেষ করে সুবিধাবঞ্চিতদের ন্যায্য বিচার সুনিশ্চিত করতে এই আইন কার্যকরী ভূমিকা পালন করে)।
5. শান্তি ও উন্নয়নের জন্য বিশ্ব বিজ্ঞান দিবস পালন করা হয় 10 নভেম্বর; 2025 থিম হল - "Trust, Transformation, and Tomorrow: The Science We Need for 2050".

খেলাধুলা

1. দুবাইয়ে অনুষ্ঠিত 2025 Para Shooting World Cup-এ 10 মিটার এয়ার রাইফেল স্ট্যান্ডিং SH1 ইভেন্টে স্বর্ণপদক জিতলেন ভারতীয় মহিলা অবনী লেখারা।
2. Puneri Paltan-কে পরাজিত করে Pro Kabaddi League Season 12 Title জিতল Dabang Delhi K.C.
3. সম্প্রতি অবসর ঘোষণা করলেন ভারতীয় পেশাদার টেনিস খেলোয়াড় রোহন বোপান্না।
4. 2025 Asian Youth Games-এ ভারত 13 টি সোনা, 18 টি রূপো এবং 17 টি ব্রোঞ্জ-সহ মোট 48 টি পদক জিতেছে।
5. সম্প্রতি T20 আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর ঘোষণা করলেন নিউজিল্যান্ডের ক্রিকেটার Kane Williamson.
6. মালয়েশিয়ায় অনুষ্ঠিত Maybank Champions 2025-এ 27তম স্থান অর্জন করেছেন ভারতীয় গল্ফ খেলোয়াড় অদিতি অশোক।
7. Indian Railways Delhi -কে পরাজিত করে 42nd Surjit Hockey Tournament জিতল Indian Oil Mumbai.
8. Rolex Paris Masters 2025 জিতলেন Jannik Sinner. পরাজিত করলেন কানাডিয়ান টেনিস প্লেয়ার Felix Auger-Aliassime-কে।
9. ICC T20 বিশ্বকাপ 2026 ফাইনাল আয়োজনের জন্য আমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামকে তালিকাভুক্ত করা হয়েছে।

বাণিজ্য এবং অর্থ ব্যবস্থা

1. ভারতের অর্থায়নে Multi-ethnic Trilingual School উদ্বোধন করা হল শ্রীলঙ্কায়।
2. India International Bullion Exchange-এ Special Category Client হিসাবে যোগদান করলো State bank of India (SBI)।
3. 2025 অক্টোবর মাসে মোট GST সংগ্রহের পরিমাণ 1.96 লক্ষ কোটি টাকা।
4. Doorstep Digital Life Certificate Services-এর জন্য Employee's Provident Fund Organisation (EPFO)-এর সাথে MoU স্বাক্ষর করল India Post Payments Bank.
5. অন্ধ্রপ্রদেশে Energy Projects-এ 20,000 কোটি টাকা বিনিয়োগ করবে Hinduja Group. মূল উদ্যোগগুলির মধ্যে রয়েছে বিশাখাপত্তনমে বিদ্যমান 1050 মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন হিন্দুজা ন্যাশনাল পাওয়ার কর্পোরেশন লিমিটেড (HNPLC) প্ল্যান্টকে অতিরিক্ত 1600 মেগাওয়াট দ্বারা সম্প্রসারণ করা, অন্ধ্রপ্রদেশের পরিষ্কার জ্বালানী ক্ষমতা জোরদার করার জন্য বৃহৎ সৌর ও বায়ু প্রকল্পের উন্নয়ন, টেকসই গতিশীলতা বৃদ্ধির জন্য একটি অত্যাধুনিক বৈদ্যুতিক বাস এবং হালকা যানবাহন প্ল্যান্ট স্থাপন এবং রাজ্যের সবুজ পরিবহন বাস্তবায়নকে সমর্থন করার জন্য ইভি চার্জিং স্টেশনের একটি নেটওয়ার্ক স্থাপন করা।
6. 2025 সালের অক্টোবর মাসে ভারতে মূল্যের দিক থেকে সবথেকে বেশি বিক্রি হওয়া ড্রাগ হল Mounjaro. এলি লিলি কোম্পানির স্থূলতা বিরোধী এই ওষুধটি রক্তে শর্করা নিয়ন্ত্রণে সাহায্য করে এবং হজম প্রক্রিয়া ধীর করে দেয়।

7. মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা (CEA) ভি. অনন্ত নাগেশ্বরনের মতে 2026 (FY26) আর্থিক বছরে ভারতের প্রত্যাশিত GDP বৃদ্ধির হার 6.8%.

অ্যাপ / পোর্টাল

1. ভারতের রেজিস্ট্রার জেনারেল এবং আদমশুমারি কমিশনার 2027 সালে দেশের প্রথম ডিজিটাল জনসংখ্যা আদমশুমারির পরীক্ষামূলক পর্যায়ের প্রস্তুতি হিসেবে দুটি মোবাইল অ্যাপ্লিকেশন চালু করেছেন। অ্যাপ দুটি হল- Digital Layout Map (DLM) এবং Census 2027-Houselist. অ্যাপগুলি অ্যান্ড্রয়েড এবং অ্যাপল উভয় ফোনের সাথেই সামঞ্জস্যপূর্ণ এবং শুধুমাত্র অনুমোদিত কর্মীরা এগুলি ডাউনলোড করতে পারবেন। ডিজিটাল সংগ্রহ এবং আদমশুমারির তথ্য দ্রুত প্রক্রিয়াকরণে সহায়তা করার জন্য এই অ্যাপ লঞ্চ করা হয়েছে।
2. পার্সেল ট্র্যাকিং, ই-রসিদ এবং অভিযোগ দায়েরের মতো পরিষেবাগুলি প্রদানের জন্য ডাক বিভাগ নতুন অ্যাপ চালু করল। নতুন অ্যাপটির নাম 'ডাক সেবা 2.0'।

বই ও লেখক

1. Booker Prize 2025-এর জন্য শর্টলিস্টেড হল "The Loneliness of Sonia and Sunny" বইটি। এটি কিরণ দেশাইয়ের লেখা।

বিবিধ

1. TIME Magazine-এর '100 Most Influential Climate Leaders of 2025' তালিকায় স্থান পেলেন সোনম ওয়াংচুক। তিনি হলেন একজন ভারতীয় ইঞ্জিনিয়ার, উদ্ভাবক এবং শিক্ষা সংস্কারক। তিনি স্টুডেন্টস এডুকেশনাল অ্যান্ড কালচারাল মুভমেন্ট অফ লাডাখের প্রতিষ্ঠাতা-পরিচালক।
2. Swachh Survekshan 2025 রিপোর্ট অনুযায়ী ভারতের সবচেয়ে পরিষ্কার শহর ইন্দোর (টানা অষ্টমবার) এবং সবচেয়ে নোংরা শহর হিসেবে স্থান পেল মাদুরাই। কেন্দ্রীয় গৃহায়ন ও নগর বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক এই রিপোর্ট প্রকাশিত হয়।
3. দক্ষিণ আফ্রিকার বতসোয়ানা থেকে 8 টি চিতা আনতে চলেছে ভারত। এগুলিকে ছাড়া হবে মধ্যপ্রদেশের কুনো জাতীয় উদ্যানে।
4. Hurun India Philanthropy List 2025-এ শীর্ষে রয়েছেন শিব নাদার (HCL টেকনোলজিসের প্রতিষ্ঠাতা-চেয়ারম্যান); দ্বিতীয় স্থানে রয়েছেন মুকেশ আম্বানি (রিলায়েন্স ইন্ডাস্ট্রিজের সভাপতি ও ব্যবস্থাপনা পরিচালক)।
5. QS World University Rankings Asia 2026-এ 59তম স্থানে রয়েছে IIT Delhi; প্রথম স্থানে রয়েছে University of Hong Kong এবং দ্বিতীয় স্থানে রয়েছে Peking University.

মৃত্যুসংবাদ

1. সম্প্রতি 78 বছর বয়সে মারা গেলেন ভারতের প্রাক্তন হকি গোলরক্ষক ম্যানুয়েল ফ্রেডেরিক।
সম্প্রতি 97 বছর বয়সে মারা গেলেন উত্তর কোরিয়ার প্রাক্তন রাষ্ট্রপ্রধান Kim Yong Nam.